

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১৪৫৫

তারিখ: ৪ পৌষ ১৪২৯

১৯ ডিসেম্বর ২০২২

বিষয়: আশুগঞ্জ সাইলো হতে নৌপথে মোট ৩০০ মে.টন গমের চলাচল উপসূচি (উপসূচি নং-৩৮/০১)

সূত্র: চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা এর ১৯/১২/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১৪৪৪
নং স্মারক

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ স্মারকে আশুগঞ্জ সাইলো হতে নৌপথে সুনামগঞ্জ জেলার মল্লিকপুর এলএসডিতে ৩০০ মে. টন গমের চলাচল সূচি জারি করা হয়। এক্ষেত্রে ডিবিসিসি, ঢাকা রুটে কর্মরত নৌ পরিবহণ ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্তভাবে উপসূচি নির্দেশক্রমে জারি করা হলো।

ক্র.নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	শ্রেণি	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে. টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মেসার্স মিতালী ট্রেডার্স	ডিবিসিসি ঢাকা (গুপ-সি)	আশুগঞ্জ সাইলো	সুনামগ ঞ্জ	মল্লিকপুর এলএসডি	১০০	গম	নৌ পথ	
২.	মেসার্স ইসমাঈল বিশ্বাস	ঐ	ঐ	ঐ	ঐ	১০০	ঐ	ঐ	
৩.	মেসার্স কাজী সাহিদুর রহমান	ঐ	ঐ	ঐ	ঐ	১০০	ঐ	ঐ	
					মোট =	৩০০			

নির্দেশনাসমূহ:

১। সূচির বিপরীতে প্রেরিতব্য গম সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত মান সম্পন্ন এবং সাধারণ বিতরণযোগ্য হতে হবে। প্রেরিতব্য গমের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে;

২। প্রতি বার্জ/নৌযানে প্রেরিত গমের নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;

৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সাইলোর ওয়ারেন্টি মোতাবেক গম প্রেরণ করতে হবে;

৪। ঠিকাদার উপযুক্ত ড্রাফট সম্পন্ন নৌযান নির্ধারিত তারিখে উপস্থাপন করবেন;

৫। প্রেরকগণকে নদীর নাব্যতা এবং নৌ-যানের ধারণ ক্ষমতা, ড্রাফট, ফিটনেস ইত্যাদি যাচাই করে গম বোঝাই দিতে হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতীক্ষাক্রমিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১০। সূচির মেয়াদ আগামী ২১-১২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে জনস্বার্থে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৯-১২-২০২২

মোঃ ফজলে রাস্কী হায়দার

উপ-পরিচালক

প্রাপক :

- ১) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১৪৫৫/১(৭)

তারিখ: ৪ পৌষ ১৪২৯
১৯ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সুনামগঞ্জ
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি
- ৭) মেসার্স, ডিবিসিসি, ঢাকা নৌ পরিবহণ ঠিকাদার



১৯-১২-২০২২

মোঃ ফজলে রাস্কী হায়দার

উপ-পরিচালক